



নং-২৪.০১.০০০০.০০১.২৭.২১৫.২০-৩৭৫

তারিখঃ ২২/০৬/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ রংপুর সদর উপজেলার উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা জনাব মো: খোরশেদ আলম এর বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগের বিষয়ে তদন্ত প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে পাট অধিদপ্তরের আওতাধীন “উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের রংপুর জেলার সদর উপজেলার দায়িত্বপ্রাপ্ত উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা জনাব মো: খোরশেদ আলম এর বিরুদ্ধে দায়িত্বপ্রাপ্ত পাট উন্নয়ন কর্মকর্তা জনাব এ কে এম মাহবুব আলম বিশ্বাস কতৃক আনীত অভিযোগ পত্রের অনুলিপি এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

২। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত করে অভিযোগের সত্যতা যাচাই এবং দায়দায়িত্ব নির্ধারণপূর্বক আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হলো। একইসাথে সারা দেশে এ প্রকল্পের আওতায় চলমান বিনামূল্যে সার বিতরণ কার্যক্রমে যাতে কোন প্রকার অনিয়ম ও ত্রুটি বিচ্যুতি না হয় সে বিষয়ে তীব্র পক্ষ থেকে তদারকি ও মনিটরিং জোরদার করার জন্যও তাঁকে অনুরোধ জানানো হল।

৩। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি : বর্ণনামতে।

২২/০৬/২০২০
(সওদাগর মুস্তাফিজুর রহমান)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৬১৫৪৬।

প্রকল্প পরিচালক
উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ শীর্ষক প্রকল্প
পাট অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

০১। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০২। পাট উন্নয়ন কর্মকর্তা, পাট অধিদপ্তর, রংপুর।
- ০৩। ডাটা এন্ট্রি সুপারভাইজার, পাট অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ০৪। উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা (রংপুর সদর)।
- ০৫। অফিস কপি।